রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৭, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/ ২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৭৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | আহবায়ক |
| (২) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| (৬) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (৭) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (৯) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : | সদস্য |
| (১১) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য |
| (১২) | পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১৩) | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) | : | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড | : | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, সামরিক গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) | : | সদস্য |
| (১৬) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই) | : | সদস্য |
| (১৭) | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | : | সদস্য |
| (১৮) | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম | : | সদস্য |
| (১৯) | শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার | : | সদস্য |

এ কমিটিতে সচিব বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি :**

(১) বাংলাদেশে আশ্রয় নেওয়া বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) ক্যাম্প এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত সার্বিক কার্যক্রমের সমন্বয়, ব্যবস্থাপনা ও প্রত্যাবাসনসহ সকল কার্যক্রমের সমন্বয় সাধন;

(২) প্রত্যাবাসন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স (এনটিএফ), ভাসানচরে স্থানান্তরের লক্ষ্যে গঠিত জাতীয় এক্সিকিউটিভ কমিটির কার্যক্রম, নিরাপত্তা প্রদান ও রোহিঙ্গা নাগরিকদের বিষয়ে গৃহীত সকল কার্যক্রম পর্যবেক্ষণ, মূল্যায়ন, পুনঃনিরীক্ষণ ও পরামর্শ প্রদান;

(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(গ) কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবে।

(ঘ) প্রতি ০৩ (তিন) মাসে কমিটি অন্যূন একটি সভা এবং প্রয়োজন অনুসারে যে কোনো সময়ে সভার আয়োজন করবে।

(ঙ) রাজনৈতিক ও আইসিটি অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) জননিরাপত্তা বিভাগ এ টাস্কফোর্স-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ ডিসেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.১৭৫ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

(২) এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৯০৯৬৩
Email: js_economic@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd